



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী পরিচালকের কার্যালয়  
তুলা উন্নয়ন বোর্ড  
প্রশিক্ষণ শাখা  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৪.২৫.৩১২.১৮.৫৫

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮

২৭ মে ২০২১

বিষয়: ২০২০-২১ অর্থবছরে রাজস্ব বাজেটের অর্থায়নে তুলা গবেষণা খামারে ০১ (এক) দিনব্যাপি কর্মশালার আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থ বছরে রাজস্ব বাজেটের অর্থায়নে তুলা গবেষণা, সম্প্রসারণ ও বাজারজাতকরণসহ এতদসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সমস্যা চিহ্নিতকরণ ও উত্তরণের দিক নির্দেশনার প্রয়োজনে তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা, বিজ্ঞানী, সম্প্রসারণকর্মী, তুলা গবেষণা, উৎপাদন, বাজারজাতকরণ ও ব্যবহারের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি সমন্বয়ে তুলা গবেষণা খামারে ১০০ জন উপস্থিতিতে ০১ (এক) দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হবে। এতদসংগে সংযুক্ত ব্যয় বিভাজন, লক্ষ্যমাত্রা এবং নিম্নবর্ণিত নির্দেশনা অনুযায়ী কর্মশালার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। কর্মশালা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবে না।

কর্মশালা সংক্রান্ত নির্দেশনা :

১। প্রতিটি কর্মশালায় ১০০ জন অংশগ্রহনকারীর উপস্থিতি নিশ্চিত করতে হবে।

২। Mutimedia Projector, Power Point Presentation এর মাধ্যমে কর্মশালার বিভিন্ন বিষয় উপস্থাপন করতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে দক্ষতা সম্পন্ন বিশেষজ্ঞ পর্যায়ের কর্মকর্তাদের রিসোর্স পারসন হিসাবে রাখতে হবে।

৩। ০১ (এক) দিনব্যাপি কর্মশালায় গুপু ভিত্তিক সমস্যা ও সমাধান চিহ্নিত করে দিকনির্দেশনা প্রস্তুত করতে হবে। সংযুক্ত বিভাজন অনুযায়ী কর্মশালার জন্য ব্যয় করতে হবে।

৪। কর্মশালা অনুষ্ঠানে যোগদানকারীগণের তালিকা সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ করতে হবে।

৫। কর্মশালা অনুষ্ঠানের শেষে তথ্যাদি ও অংশগ্রহনকারীদের প্রতিক্রিয়াসহ বিস্তারিত প্রতিবেদন নির্বাহী পরিচালক বরাবরে প্রেরণ করতে হবে।

৬। কর্মশালার অনুষ্ঠানের ব্যানার ও সামগ্রীতে তুলা উন্নয়ন বোর্ডের রাজস্ব বাজেটের অর্থায়নে নাম উল্লেখ থাকতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৭-৫-২০২১

ড. আলহাজ উদ্দিন আহাম্মেদ  
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ :

১) কটন এগ্রোনমিস্ট, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার,

তুলা উন্নয়ন বোর্ড, শ্রীপুর, গাজীপুর।

২) কটন এগ্রোনমিস্ট, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার,

তুলা উন্নয়ন বোর্ড, জগদীশপুর, চৌগাছা, যশোর

৩) কটন এগ্রোনমিস্ট, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার,

তুলা উন্নয়ন বোর্ড, সদরপুর, দিনাজপুর

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৪.২৫.৩১২.১৮.৫৫/১(২১)

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮

২৭ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)
- ২) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল )
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তার দপ্তর, তুলা গবেষণা কেন্দ্র, তুলা উন্নয়ন বোর্ড, মাহিগঞ্জ, রংপুর
- ৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র, তুলা উন্নয়ন বোর্ড, বালাঘাটা, বান্দরবান
- ৫) হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), হিসাব শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ৬) আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা (তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)



২৭-৫-২০২১

মুহাম্মদ মোফাজ্জল হোসেন

তুলা উন্নয়ন কর্মকর্তা